**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা ৫৭/২০১৮-১৯**
**ঢাকা, রোববার ২৩ সেপ্টেম্বর ২০১৮, ৮ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে।

১। জাতিসংঘের ৭৩তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে লন্ডনে প্রধানমন্ত্রী

২। বাঙালির অধিকার নিয়ে বঙ্গবন্ধু কখনও আপস করেননি : লন্ডনে আওয়ামী লীগ নেতাদের প্রধানমন্ত্রী

৩। ভিয়েতনামের প্রেসিডেন্টের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

৪। ডিএনসিসি'র প্যানেল মেয়র মোঃ ওসমান গনির মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

৫। তৃণমূলে নাগরিক সুবিধা নিশ্চিতে কাজ করতে হবে : স্পিকার

৬। ৫ম বঙ্গবন্ধু গোল্ডকাপ ইন্টারন্যাশনাল ফুটবল টুর্নামেন্ট ট্রফি উন্মোচন করলেন বাণিজ্যমন্ত্রী

৭। বর্তমান সরকার গণতন্ত্রের প্রতিষ্ঠানগুলো চালু করেছে : তথ্যমন্ত্রী

৮। কর ব্যবস্থা সহজ করার তাগিদ প্রধান বিচারপতির

৯। ডিসেম্বরের শেষ বা জানুয়ারির শুরুতে সংসদ নির্বাচন : প্রধান নির্বাচন কমিশনার

১০। বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট আজ ঢাকায় আসছেন

১১। যথাযোগ্য মর্যাদায় পবিত্র আশুরা পালিত

**চলমান পাতা-২**

১। **জাতিসংঘের ৭৩তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে লন্ডনে প্রধানমন্ত্রী**

জাতিসংঘের ৭৩তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের পথে গতকাল (২১ সেপ্টেম্বর শুক্রবার) লন্ডনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটটি লন্ডন সময় শুক্রবার বিকেল তিনটা ৫০ মিনিটে হিথরো বিমানবন্দরে অবতরণ করে। যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার নাজমুল কাওনাইন বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। শনিবার লন্ডনে কাটিয়ে আজ (২৩ সেপ্টেম্বর রোববার) সকালে ব্রিটিশ এয়ারওয়েজের একটি ফ্লাইটে নিউইয়র্কের পথে রওনা হবেন প্রধানমন্ত্রী। গত শুক্রবার সকাল দশটা ২৩ মিনিটে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রওনা হন প্রধানমন্ত্রী। ১০ দিনের এ সফরে প্রধানমন্ত্রী সাধারণ অধিবেশনসহ কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মসূচিতে যোগ দেবেন। সেখানে রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানের পথে প্রতিবন্ধকতাগুলো তিনি বিশ্বনেতাদের সামনে তুলে ধরবেন। অধিবেশনের ফাঁকে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসসহ একাধিক বিশ্বনেতার সঙ্গে বৈঠক করার কথা রয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার। জাতিসংঘে আসা বিশ্বনেতাদের সম্মানে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আয়োজিত সংবর্ধনাঅনুষ্ঠানেও তিনি যোগ দেবেন। জাতিসংঘে এবারের সফরে ৫০ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আগামী ২৭ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে বাংলাদেশের পক্ষে তাঁর বক্তব্য তুলে ধরবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষপৃ,ক.৬।)

২। **বাঙালির অধিকার নিয়ে বঙ্গবন্ধু কখনও আপস করেননি : লন্ডনে আওয়ামী লীগ নেতাদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মুক্তিযুদ্ধবিরোধী শক্তির দোসর'৭৫ পরবর্তী সরকারগুলো ইতিহাস বিকৃতির মাধ্যমে বাঙালির মুক্তি সংগ্রামে বঙ্গবন্ধুর ভূমিকাকে খাটো করার ধারাবাহিক অপচেষ্টা চালিয়েছিল। তবে তৎকালীন পাকিস্তানের গোপন গোয়েন্দা রিপোর্টগুলোই সে চেষ্টাকে ভেস্তে দিয়েছে। বঙ্গবন্ধুর বিরুদ্ধে দেওয়া ওইসব রিপোর্টই সাক্ষ্য দিচ্ছে বঙ্গবন্ধুই ছিলেন বাঙালির অবিসাংবাদিত নেতা। বাঙালির অধিকার নিয়ে বঙ্গবন্ধু কখনও আপস করেননি। গতকাল (২১ সেপ্টেম্বর শুক্রবার) স্থানীয় সময় বিকেলে লন্ডনের ক্লারিজ হোটেলে যুক্তরাজ্য আওয়ামী লীগের জ্যেষ্ঠনেতারা সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

৩। **ভিয়েতনামের প্রেসিডেন্টের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিয়েতনামের প্রেসিডেন্ট ন্যাম ত্র্যান দাই কুয়াংয়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) এক শোকবার্তায় তিনি বলেন, ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির পলিটব্যুরোর সদস্য ও সোস্যালিস্ট রিপাবলিক অব ভিয়েতনামের প্রেসিডেন্ট ন্যাম ত্র্যান দাই কুয়াংয়ের অকাল মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। তিনি বলেন, বাংলাদেশের জনগণ এ প্রয়াত নেতার মৃত্যুতে তাঁর পরিবার ও বন্ধু-বান্ধবদের প্রতি গভীর শোক জানাচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, ত্র্যান দাই কুয়াংয়ের অকাল প্রয়াণ ভিয়েতনামের জনগণ ও কমিউনিস্ট পার্টির জন্য এক বিরাট ক্ষতি। তিনি আরও বলেন, আমাদের দ্বিপক্ষীয় সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যেতে ত্র্যান দাই কুয়াংয়ের অমূল্য অবদানের জন্য বাংলাদেশের জনগণ চিরদিন তাকে স্মরণ রাখবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষপৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.৫)

৪। **ডিএনসিসি'র প্যানেল মেয়র মো: ওসমান গনির মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্যানেল মেয়র মো: ওসমান গনি গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তিনি ফুসফুস ক্যান্সারে ভুগছিলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষপৃ,ক.৮), **অবজারভার** (শেষপৃ,ক.৮)।

৫। **তৃণমূলে নাগরিক সুবিধা নিশ্চিতে কাজ করতে হবে : স্পিকার**

বর্তমান সরকার সারাদেশে সুষম উন্নয়ন নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে, যার ছোঁয়া রংপুরের পীরগঞ্জসহ দেশের প্রতিটি ইউনিয়নে লেগেছে। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সবার প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। জাতীয় সংসদের স্পিকার ও পীরগঞ্জ আসনের এমপি ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) পীরগঞ্জ উপজেলার ১২ নম্বর মিঠিপুর ইউনিয়নে জনসংযোগে এসে এ আহ্বান জানান। এ সময় স্পিকার বর্তমান সরকারের বিভিন্ন সাফল্য ও উন্নয়ন নিয়ে কথা বলতে গিয়ে তৃণমূলে

নাগরিক সুবিধা নিশ্চিত করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জনান। সুত্র-**সমকাল** (পৃ.২,ক.১)।

**৬। ৫ম বঙ্গবন্ধু গোল্ডকাপ ইন্টারন্যাশনাল ফুটবল টুর্নামেন্ট ট্রফি উন্মোচন করলেন বাণিজ্যমন্ত্রী**

উন্মোচন করা হল ৫ম বঙ্গবন্ধু গোল্ডকাপ ইন্টারন্যাশনাল ফুটবল টুর্নামেন্ট ট্রফি। গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এক জমকালো অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ট্রফি উন্মোচন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল এমপি। আগামী **১** অক্টোবর শুরু হবে ছয় জাতির এ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট। এটি বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবলের পঞ্চম আসর। বি-গ্রুপে লাওস, ফিলিপাইন ও স্বাগতিক বাংলাদেশ। উদ্বোধনী দিনে মাঠে নামবে বাংলাদেশ ও লাওস। সূত্র-**যুগান্তর** (পৃ.**১১**,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** (পৃ.৮,ক.১)।

**৭। বর্তমান সরকার গণতন্ত্রের প্রতিষ্ঠানগুলো চালু করেছে : তথ্যমন্ত্রী**

দেশের উন্নয়ন ও শান্তি বজায় রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে থাকার আহ্বান জানিয়ে তথ্যমন্ত্রী ও জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু বলেছেন, বর্তমান সরকার অতীতের সামরিক শাসনের জঞ্জাল, সাম্প্রদায়িকতার অন্ধকার থেকে বাংলাদেশকে নিজস্ব পথে পরিচালিত করছেন। গণতন্ত্রের প্রতিষ্ঠানগুলো চালু করা হয়েছে। বিএনপি দেশের এই অগ্রযাত্রাকে ব্যাহত করতে চায়। মিথ্যা গুজব ছড়িয়ে দেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বগুড়া শহীদ খোকন শিশু পার্কে নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.**১**) **ডেইলি সান** (পৃ.**১**৩,ক.৬)

**৮। কর ব্যবস্থা সহজ করার তাগিদ প্রধান বিচারপতির**

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বলেছেন, করের বিস্তৃতি প্রসারের জন্য করবান্ধব সংস্কৃতি চালু করতে হবে। জনগণ যাতে অযথা হয়রানি না হয়, সে লক্ষ্যে রিটার্ন দাখিল ও সম্পদবিবরণী দাখিলের পদ্ধতি সহজীকরণ করতে হবে। তাছাড়া বিকল্প বিরোধের মাধ্যমে কর মামলাগুলো নিষ্পত্তি করার ক্ষেত্রে অধিক মনোযোগী হলে কর তথা রাজস্ব সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তি হবে এবং রাজস্ব বৃদ্ধি পাবে। গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতির শহীদ সফিউর রহমান মিলনায়তনে মাসিক পত্রিকা 'করাদালত' এর তিন দশক পূর্তি উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৯। ডিসেম্বরের শেষ বা জানুয়ারির শুরুতে সংসদ নির্বাচন : প্রধান নির্বাচন কমিশনার**

এ বছর ডিসেম্বরের শেষে অথবা আগামী বছরের শুরুতে একাদশ জাতীয় নির্বাচন হবে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার কেএম নুরুল হুদা। নির্বাচন হবে সুশৃঙ্খলভাবে। নির্বাচন সার্থক, গ্রহণযোগ্য করার জন্য নির্বাচনি কর্মকর্তাদের ওপর বড় দায়িত্ব রয়েছে বলে এ কথা উল্লেখ করে স্মরন করিয়ে দেন। তিনি বলেন, দীর্ঘদিনের নির্বাচন পরিচালনা ও নির্বাচন ব্যবস্থাপনার অভিজ্ঞতা রয়েছে কর্মকর্তাদের। সে অভিজ্ঞতা নির্বাচনী কাজে লাগাতে হবে। গতকাল (২২ সেপ্টেম্বর শনিবার) আগারগাঁও নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটে ইভিএম নিয়ে নির্বাচনি কর্মকর্তাদের অংশগ্রহনের এক প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি নির্বাচনে ইভিএম ব্যবহারের বিষয়টি উল্লেখ করে বলেন, আইনি ভিত্তি পেলে আগামী নির্বাচনে ইভিএম ব্যবহার করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪),**সংবাদ** (পৃ.১,ক.৪),**ডেইলি সান** (শেষপৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**১০। বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট আজ ঢাকায় আসছেন**

রোহিঙ্গা সংকটসহ আরও কিছু বিষয় নিয়ে আলোচনা করতে বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট হ্যার্টউয়িগ শেফার আজ (২৩ সেপ্টেম্বর রোববার) ঢাকায় আসছেন। সফরকালে রোহিঙ্গা সংকটে কীভাবে বাংলাদেশের পাশে থাকা যায়, তা নিয়ে আলোচনা হবে। এক বিবৃতিতে শেফার বলেন, নিজস্ব চ্যালেঞ্জের মধ্যেও বাংলাদেশ **১**০ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে উদারতা প্রকাশ করেছে। রোহিঙ্গা নাগরিকদের বিদ্যমান সংকট মোকাবিলা এবং মিয়ানমারে ফিরে যাওয়ার আগ পর্যন্ত পরিস্থিতি মোকাবিলায় সহযোগিতা অব্যাহত রাখতে সংস্থাটি বাংলাদেশের সঙ্গে কাজ করছে। সংকট মোকাবিলায় ৪০ কোটি মার্কিন ডলার সহযোগিতা

দেওয়া হচ্ছে। এর মধ্যে স্বাস্থ্য ও শিক্ষার জন্য সাড়ে সাত কোটি মার্কিন ডলার অনুদান হিসেবে দেওয়া হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১১। যথাযোগ্য মর্যাদায় পবিত্র আশুরা পালিত**

বিশ্ব শান্তি ও সম্প্রীতির ধর্ম ইসলামের মহান আদর্শকে সমুন্নত রাখার দৃঢ় অঙ্গীকারের মধ্য দিয়ে গতকাল (২১ সেপ্টেম্বর শুক্রবার) যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের পরিবেশে পবিত্র আশুরা পালন করা হয়। এ উপলক্ষে রাজধানী ঢাকাসহ দেশব্যাপী বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও সংগঠন নানা কর্মসূচি পালন করে। কর্মসূচির মধ্যে ছিল আলোচনাসভা, মিলাদ, দোয়া মাহফিল এবং তাজিয়া মিছিল। পবিত্র আশুরা উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দেন। দিনটি পালনে সংবাদপত্র ও বিভিন্ন গণমাধ্যম আশুরার তাৎপর্য তুলে ধরে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ করে। সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ,ক.১),সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** কক্সবাজারের মহেশখালী ভাসমান টার্মিনাল হতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহ শুরু হওয়ায় চট্টগ্রামের অনেক শিল্প-কারখানা তার সুফল পাচ্ছে উল্লেখ করে শিল্প প্রতিষ্ঠানে চাহিদামাফিক গ্যাস সরবরাহ ও এ খাতের সেবার মানোন্নয়ন করে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার সুপারিশ।

খ. **প্রথম আলো:** সৌদি আরবে গৃহকর্মী হিসেবে গিয়ে নির্যাতনের শিকার হয়ে ফিরে আসা নারীদের পুনর্বাসনের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল:** জয়পুরহাটের কালাই উপজেলার ৩০ গ্রামের অভাবী মানুষ কিডনি বিক্রির মতো অমানবিক কর্মকাণ্ড চালিয়ে আসছে দীর্ঘদিন ধরে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অমানবিক ও নিষ্ঠুরতম প্রক্রিয়াকে কঠোরভাবে দমন করতে জড়িতদের আইনের আওতায় আনার দাবি।

ঘ. **যায়যায়দিন:** অসহনীয় যানজটের কারণে জনদুর্ভোগ লাঘবে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউজ টুডে:** জনগণের স্বাস্থ্য সুরক্ষায় ভেজালমুক্ত নিরাপদ খাদ্য নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউনেশন:** পরিবেশের জন্য উপকারী কৃষিজমিতে অর্গানিক সার ব্যবহারের আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** দেশের মেধাসম্পদকে বুদ্ধিবৃত্তিক উন্নয়নমুখী কাজে ব্যবহার করতে হবে।

**নিবন্ধ**

**সংবাদ** 'সর্বক্ষেত্রে ক্ষমতায়নে নারী' দেশ, রাজনীতি সবক্ষেত্রে নারীরা তাদের দক্ষতা ও মেধার স্বাক্ষর রাখছে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা